আজকের কাগজ

তারিখ ... 02 NOV 1991 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

১৩

# আজ থেকে ঢাঃ বিঃ শিক্ষকরা কর্মবিরতি শুরু করছেন

**কাগজ প্রতিবেদক :** আজ শনিবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি শুরু হবে। কর্মবিরতির আওতায় শুধু ক্লাস ও পরীক্ষাগ্রহণ পড়বে।

গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় বলা হয়, বিভিন্ন প্রাপ্ত তথ্য আলোচনা করে দেখা যায় যে, এ পর্যন্ত সন্ত্রাস দমনে সরকার কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেনি।

সমিতির গত ৩০ অক্টোবরের এক জরুরি সাধারণ সভায় সিদ্ধান্ত নেয়া হয়েছিলো যে, ১ নভেম্বরের মধ্যে সন্ত্রাস দমনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ না করলে ২ নভেম্বর শনিবার থেকে শিক্ষকগণ কর্মবিরতি পালন করবেন।